

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২৭৫


তারিখ: ২০ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

### তীব্র তাপদাহের কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসাসমূহে স্ব-শরীরে ক্লাস বন্ধ রেখে অনলাইন ক্লাস চালুর নির্দেশনা

সারাদেশের উপর দিয়ে প্রবাহমান তীব্র তাপদাহের কারণে শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি এড়াতে দেশের সকল অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাকে স্ব-শরীরে ক্লাস বন্ধ রেখে অনলাইন ক্লাস চালুর নির্দেশনা দিয়েছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। এ সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম কর্তৃক জারিকৃত এক নির্দেশনায় বলা হয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ অবহাওয়া অধিদপ্তরের পরামর্শক্রমে আগামী ২১.০৪.২০২৪ তারিখ থেকে ২৭.০৪.২০২৪ তারিখ পর্যন্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিনে পরিচালিত সকল ফাজিল ও কামিল মাদরাসার ক্লাসসমূহ বন্ধ থাকবে। তবে শিক্ষার্থীদের ভর্তি সহ ফরম পূরণ ও যাবতীয় প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য মাদরাসার অফিসসমূহ খোলা থাকবে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়। এছাড়াও এ সময়ের মধ্যে শিক্ষার্থীসহ সকল শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্যঝুঁকি এড়াতে নিম্নোক্ত স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে চলাফেরার জন্য পরামর্শ দেয়া হয় :

- দিনের বেলা যথা সম্ভব বাইরে বের হওয়া থেকে বিরত থাকা, প্রয়োজনে বের হলে রোদ এড়িয়ে এবং ছাতা, টুপি/ক্যাপ ব্যবহার করা।
- প্রচুর পরিমাণে বিশুদ্ধ পানি/লেবুর শরবত পান করা।
- ঘরের পরিবেশ যেন অতিরিক্ত গরম বা ভ্যাপসা না হয় সেদিকে খেয়াল রাখা।
- বেশি অসুস্থতা বোধ হলে দ্রুত নিকটস্থ চিকিৎসকের পরামর্শ নেয়া।



আরু সালেহ মোহাম্মদ মুসা  
সেকশন অফিসার

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

#### অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২. অফিস নথি।